পুঁজিবাজারে বিনিয়োগের শর্তে মূলধনি মুনাফায় কর ছাড়

তিন বছরের জন্য পুঁজিবাজারে বিনিয়োগের শর্তে কৌশলগত বিনিয়োগকারীর কাছে ঢাকা স্টক এক্সচেঞ্জের (ডিএসই) ২৫ শতাংশ শেয়ার বিক্রির টাকার ওপর উদ্ভূত মূলধনি মুনাফায় ১০ শতাংশ কর ছাড় দেয়ার সিদ্ধান্ত নিয়েছে অর্থ মন্ত্রণালয়। তবে কর ছাড় পেতে হলে ডিএসইর সদস্যদের প্রত্যেককে সুনির্দিষ্টভাবে বিনিয়োগ পরিকল্পনা জমা দিতে হবে। গতকাল বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) প্রতিষ্ঠার রজতজয়ন্তী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে এ ঘোষণা দেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এ অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। বিশেষ অতিথির বক্তব্যে অর্থমন্ত্রী বলেন, কৌশলগত বিনিয়োগকারীর কাছে শেয়ার বিক্রির টাকার ওপর উদ্ভূত মূলধনি মুনাফার ওপর ১৫ শতাংশ কর দেয়ার বিধান রয়েছে। তবে ডিএসইর সদস্যদের আবেদনের পরিপ্রেক্ষিতে এটি ১৫ শতাংশ থেকে কমিয়ে ৫ শতাংশ নির্ধারণ করা হলো। আজ (গতকাল) থেকেই এ সিদ্ধান্ত কার্যকর বলে গণ্য হবে।http://bonikbarta.net

আবারো এজিএম স্থগিত করেছে ফার্স্ট ফিন্যান্স

উচ্চ আদালতের কাছ থেকে যথাসময়ে বিলম্বিত এজিএমের অনুমোদন না পাওয়ায় আবারো বার্ষিক সাধারণ সভা (এজিএম) স্থগিত করেছে ফার্স্ট ফিন্যান্স লিমিটেড। ২৭ সেপ্টেম্বর একসঙ্গে দুই বছরের এজিএম আহ্বান করেছিল ব্যাংক-বহির্ভূত আর্থিক খাতের কোম্পানিটি।ফার্স্ট ফিন্যান্সের কোম্পানি সচিব সারোয়ার শফিক জানিয়েছেন, উচ্চ আদালতের অবকাশকালীন বেঞ্চের অনুমতি নিয়ে আমরা বিলম্বিত এজিএম সম্পন্ন করে ফেলতে পারব বলে আশা করছিলাম। কিন্তু অবকাশকালীন বেঞ্চে এর শুনানি অনুষ্ঠিত হয়নি। চলতি মাস পুরোটাই সুপ্রিম কোর্টে অবকাশ চলবে। এ কারণে আমরা এজিএম পিছিয়েছি।আগামী মাসের শুরুর দিকে একটি শুনানি হওয়ার কথা। সেখানে অনুমতি পেলে আমরা দ্রুতই ২০১৬ ও ২০১৭ সালের এজিএম সম্পন্ন করে ফেলব। সভার নতুন তারিখ, সময় ও স্থান সবাইকে জানিয়ে দেয়া হবে। রেকর্ড ডেটসহ অন্যান্য বিষয় অপরিবর্তিত থাকবে।http://bonikbarta.net

ব্যাংকের তামাদি সম্পত্তি যাবে সরকারি কোষাগারে

ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৩৫ নম্বর ধারা অনুযায়ী, বিভিন্ন ব্যাংকের অদাবিকৃত আমানত ও মূল্যবান সামগ্রী বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দেয়ার বিধান রয়েছে। কিন্তু নীতিমালা না থাকায় দেশের বাণিজ্যিক ব্যাংকগুলো এতদিন সেগুলো বাংলাদেশ ব্যাংকে জমা দিত না। বরং দাবির মেয়াদ পেরিয়ে যাওয়ার পর তামাদি সম্পত্তিকে নিজেদের আয়ের খাতায় যুক্ত করত তারা। কিন্তু এখন থেকে ব্যাংকগুলো এসব সম্পত্তি বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে বাধ্য থাকবে। গতকাল এ বিষয়ে কেন্দ্রীয় ব্যাংকের ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের পক্ষ থেকে একটি নীতিমালা প্রকাশ করা হয়েছে। নীতিমালায় বলা হয়েছে, গ্রাহক ১০ বছর পর্যন্ত লেনদেন বা যোগাযোগ না করলে ব্যাংক কোম্পানি আইন, ১৯৯১-এর ৩৫(১) ধারা অনুযায়ী তাদের পরিশোধযোগ্য অর্থ, পরিশোধযোগ্য চেক, ড্রাফট বা বিনিময় দলিল এবং ব্যাংকের জিম্মায় রক্ষিত মূল্যবান সামগ্রী

অদাবিকৃত অর্থ ও মূল্যবান সামগ্রী হিসেবে বিবেচিত হবে। তবে সরকার, নাবালক বা আদালতের অর্থ এ নিয়মের আওতায় পড়বে না।http://bonikbarta.net

উন্নয়নশীল’ বাংলাদেশ সবার সঙ্গে সুসম্পর্ক রাখতে চায়: বাণিজ্যমন্ত্রী

বাংলাদেশ উন্নয়নশীল দেশে পরিণত হয়ে প্রতিবেশীসহ সব দেশের সঙ্গে সুসম্পর্ক রেখে এগিয়ে যেতে চায়। এ দেশ সাপটা, আপটা, বিবিআইএন, বিসিআইএমের মতো জোটে থেকে এগিয়ে যাচ্ছে। গতকাল ভিয়েতনামের রাজধানী হ্যানয়ের ন্যাশনাল কনভেনশন সেন্টারে ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামে জিওস্ট্র্যাটেজিক ডিসকাশন সেশনে বক্তব্য রাখার সময় একথা বলেন বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ। সেশনটি সঞ্চালনা করেন ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের মেম্বার অব ম্যানেজিং বোর্ডের প্রেসিডেন্ট বরগে ব্রেনডি। বাণিজ্যমন্ত্রী বলেন, বাংলাদেশ তিনটি শর্ত পূরণ করে এলডিসি থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের প্রথম ধাপ সফলভাবে অতিক্রম করেছে। এলডিসি থেকে পাঁচটি দেশ উন্নয়নশীল দেশে পরিণত হচ্ছে। এর মধ্যে কেবল বাংলাদেশই একসঙ্গে তিনটি শর্ত পূরণ করেছে। আমরা ২০২৪ সালে পরিপূর্ণভাবে উন্নয়নশীল দেশে পরিণত হব। তখন আমাদের জিএসপি সুবিধা থাকবে না। তবে আমরা ইউরোপীয় ইউনিয়ন থেকে জিএসপি প্লাস সুবিধা পাব। অন্যান্য দেশের সঙ্গে এফটিএর মাধ্যমে আমরা বিশ্ব বাণিজ্যে এগিয়ে যাব। এক্ষেত্রে আমরা সব দেশের আন্তরিক সহযোগিতা চাই। http://bonikbarta.net

শীর্ষ রফতানিকারক অনেক দেশই বিদেশে ঘুষ প্রদানকারীদের শাস্তি দিতে ব্যর্থ

বিশ্বের বৃহৎ রফতানিকারক দেশগুলোর সিংহভাগই বিদেশে ঘুষ দিচ্ছে এমন ব্যবসায়িক প্রতিষ্ঠানগুলোকে শাস্তি দিতে ব্যর্থ হচ্ছে। ব্যবসায় কার্যক্রম পরিচালনায় সুবিধা পেতে অন্য দেশে ঘুষ প্রদানকারী কোম্পানিগুলোকে শাস্তি দিতে যে আইন কার্যকর রয়েছে, তা কিছু দেশ মেনে চললেও বাকিরা দেখেও না দেখার ভান করে এড়িয়ে চলছে। দুর্নীতিবিরোধী আন্তর্জাতিক সংস্থা ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের সাম্প্রতিক এক প্রতিবেদনে এ তথ্য পাওয়া গেছে। খবর এএফপি ও ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের ওয়েবসাইট। বুধবার প্রকাশিত ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনালের ‘এক্সপোর্টিং করাপশন’ শীর্ষক প্রতিবেদনটিতে বলা হয়েছে, ইকোনমিক কো-অপারেশন অ্যান্ড ডেভেলপমেন্টে (ওইসিডি) ১৯৯৭ সালে অ্যান্টি-ব্রাইবেরি কনভেনশন গৃহীত হয়। ব্যবসায় প্রতিষ্ঠানগুলোর অন্য দেশে ঘুষ প্রদান প্রবণতা বন্ধে গৃহীত এ কনভেনশনের আওতায় বিভিন্ন দেশ অভিযুক্ত প্রতিষ্ঠানকে শাস্তি দিতে কতটা কার্যকর ভূমিকা পালন করছে, সে অনুযায়ী র্যাংকিং করেছে টিআই। http://bonikbarta.net

শ্লথ হয়ে আসছে যুক্তরাষ্ট্রের জ্বালানি তেল উত্তোলন

যুক্তরাষ্ট্রের অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন খাতে ইতিহাসের সর্বোচ্চ চাঙ্গাভাব বজায় রয়েছে। এমনকি আন্তর্জাতিক বাজারে জ্বালানি পণ্যটির তুলনামূলক কম দামের পেছনে মার্কিন উত্তোলন খাতের রেকর্ড চাঙ্গাভাবকে দায়ী করেন অনেকে। এমন পরিস্থিতিতে খাতসংশ্লিষ্টদের জন্য সুখবর নিয়ে এসেছে মার্কিন এনার্জি ইনফরমেশন অ্যাডমিনিস্ট্রেশন (ইআইএ)। প্রতিষ্ঠানটির তথ্য অনুযায়ী, চলতি বছর প্রবৃদ্ধির গতি অব্যাহত থাকলেও ২০১৯ সাল নাগাদ যুক্তরাষ্ট্রের কূপগুলো থেকে অপরিশোধিত জ্বালানি তেল উত্তোলন প্রত্যাশার তুলনায় কমে আসতে পারে। উত্তোলন খাতের এ শ্লথতার কারণে আন্তর্জাতিক বাজারে দাম বাড়তে পারে জ্বালানি পণ্যটির। খবর রয়টার্স ও অয়েলপ্রাইসডটকম।http://bonikbarta.net